|---|---|---|---|---|---|---|---|---|
| ৭ | | ২১ | ১৮ | | ১৫ | ৩৫ | | ৩১ |
| ১২ | | ২৬ | ৪৯ | | ৩৯ | ২৭ | | ২২ |
| ৪১ | | ৪০ | ৩৯ | | ৪৯ | ৩৪ | | ৪৫ |

শিখন পরামর্শ : শিক্ষার্থী ৩১ থেকে ৫০ পর্যন্ত লিখবে। ঠিকমতো < বা > বসাবে।



## Listen and say...




Bring the bat and bend the ball
Draw the dress of a dancing doll
Feed the fat fox fruits and fish
Meet a monk and make a wish.

***I eat rice.***
***What do you eat?***
***Please bring a chalk/a duster.***
***Thank you.***
***Please bring your book.***
***Thank you.***

**Learning Tips :** *The teacher will motivate the students to participate in the rhyme song.*

গাছে আছে মৌচাক। সেখানে থাকে মৌমাছি। আর থাকে বৌ কথা কও। পুকুরে আছে মৌরলা। সেখানে পানকৌড়ি ডুব দেয়।

নদীতে নৌকা চলেছে। মাঝি বৈঠা বায়। তীরে দৌড়ে আসছে চৈতালী, বৈশালী, মৈনাক। তারা খেলাধূলায় খুব চৌকস। তারা কৌতুক ভালোবাসে। ওরা গাঁয়ের গৌরব।



*শিখন পরামর্শ : শিক্ষার্থী উপরের পাঠটি সহজপাঠের 'এসো, এসো, গৌর এসো'-র অনুসারী পাঠ হিসেবে ব্যবহার করবে।*

## ঠিক আগেই, ঠিক পরেই। ১ বাড়ানো, ১ কমানো। ১ যোগ, ১ বিয়োগ।

**খোপে লেখো :**




টিপাই ৪৫ রান করল। পিকু ৪৬ রান করল।

কার রান বেশি? ☐

কত বেশি? ☐

৪৫ এর ঠিক পরেই কত? ☐    ৪৬ এর ঠিক আগেই কত? ☐

৪৫ এর সাথে ১ বাড়ালে কত? ☐    ৪৬ থেকে ১ কমালে কত? ☐

৪৫ এর সাথে ১ যোগ করলে কত? ☐    ৪৬ থেকে ১ বিয়োগ করলে কত? ☐

| ঠিক পরেই কত? | | ১ বাড়ালে কত? | | ১ যোগ করলে কত? | |
|---|---|---|---|---|---|
| ৪১ | ☐ | ৪১ | ☐ | ৪১ + ১ | ☐ |
| ৩৪ | ☐ | ৩৪ | ☐ | ৩৪ + ১ | ☐ |
| ২৭ | ☐ | ২৭ | ☐ | ২৭ + ১ | ☐ |
| ৩৮ | ☐ | ৩৮ | ☐ | ৩৮ + ১ | ☐ |
| ৪৮ | ☐ | ৪৮ | ☐ | ৪৮ + ১ | ☐ |

শিখন পরামর্শ : *ঠিক পরের সংখ্যা মানে এক বাড়ানো বা এক যোগ, ঠিক আগের সংখ্যা মানে এক কমানো বা এক বিয়োগ—শিক্ষার্থীর মধ্যে এই ধারণা গড়ে উঠবে এবং তারা এই ধারণা প্রয়োগ করবে।*

# FLOWERS

**I can see a**



Rose



Sunflower



Zinia



Dahlia



Lily



Water lily



China rose




Lotus



Marigold

**Learning Tips :** ***Students will look at the pictures and identify them with their names. The teacher will facilitate.***

# পরিচিত পশু




শিখন পরামর্শ : শিক্ষার্থীরা কর্মপত্রটিতে তার জানা বিভিন্ন পশুর নাম লিখবে। (বর্ণ ও বিভিন্ন স্বরচিহ্ন যোগে শব্দ গঠনের মাধ্যমে) নিজের অঞ্চলের পশুদের সম্পর্কে ধারণা লাভ করবে।

| ঠিক আগেই কত? | | ১ কমালে কত? | |
|---|---|---|---|
| ৮ | | ৮ | |
| ১৮ | | ১৮ | |
| ৩৭ | | ৩৭ | |
| ৪৩ | | ৪৩ | |
| ৪৮ | | ৪৮ | |

| ঠিক পরেই কত? | | ১ বাড়ালে কত? | |
|---|---|---|---|
| ৮ | | ৮ | |
| ১৮ | | ১৮ | |
| ৩৭ | | ৩৭ | |
| ৪৩ | | ৪৩ | |
| ৪৮ | | ৪৮ | |

শিখন পরামর্শ : *শিক্ষার্থীরা কর্মপত্রটিতে ঠিক আগের (১ কমিয়ে) বা ঠিক পরের (১ বাড়িয়ে) সংখ্যা লিখবে।*



Lotus



Dahlia



Rose



Lily

**Learning Tips :** ***Students will match the pictures with their names.***

## see and write



a yello—

su —f—o—er



a r— —

c—i—a r—s—



a p— — —

l o — — —



an o r — — — —

mari — — — —



a v — — — — —

d — — — — —

**Learning Tips :** ***Students will fill in the blanks to identify the flowers and their colours.***

## খোপের এলোমেলো কথা সাজিয়ে লেখো

ধরে উড়ে

বানায় ডুব চলেছে বক

নৌকা চলে খালে জলে মৌমাছি

চৌকশ পানকৌড়ি সারিসারি মৈনাক

মৌচাক মৌরলা মাছ

নদীতে খেলায়

দেয়

১. ------------------------------------------------ ।

২. ------------------------------------------------ ।

৩. ------------------------------------------------ ।

৪. ------------------------------------------------ ।


৫. ------------------------------------------------ ।

৬. ------------------------------------------------ ।

*শিখন পরামর্শ : শিক্ষার্থীরা এলোমেলো করে সাজানো শব্দ থেকে অর্থপূর্ণ বাক্য গঠন করবে।*

## উলটে দিয়ে কী হলো ? বাড়ল, না কমলো ?






কোনটা বড়ো ? ৩৪, না ৪৩ ? ☐

| | দশক | একক | | |
|---|---|---|---|---|
| | ২ | ৩ | | |
| উলটে দিলে | ৩ | ২ | বাড়ল, না কমলো ? | ☐ |

দশকের ঘর কমলো না বাড়ল ? ☐

এককের ঘর কমলো না বাড়ল ? ☐

| | দশক | একক | | |
|---|---|---|---|---|
| | ৩ | ১ | | |
| উলটে দিলে | ১ | ৩ | বাড়ল, না কমলো ? | ☐ |

দশকের ঘর কমলো না বাড়ল ? ☐

এককের ঘর কমলো না বাড়ল ? ☐


## ঠিকমতো < বা > বসাই :

২৪ ☐ ৪২    ১২ ☐ ২১    ৪১ ☐ ১৪    ৫১ ☐ ১৫

শিখন পরামর্শ : *শিক্ষার্থীরা সংখ্যার একক দশকের স্থান পরিবর্তন করে দেখবে সংখ্যার মানের কী পরিবর্তন হচ্ছে। সেইমতো < বা > বসাবে।*


1. Join the dots to make a flower. Name the flower and colour it.





2. Draw a pink flower that you see in water. Colour it and name it.

Learning Tips : *Students will follow instructions to draw the picture.*




We wake up early in the day
To watch the baby sun!
How he grows, this month of May
Along his midday run!

I love rain, I love the sun
I love this world of mine—
Getting wet is a lot of fun
And playing in sunshine!

*What do you do when it rains?*
*I play football.*
*What do you do? I sing a song.*

**Learning Tips :** ***The teacher will motivate the students to participate in the rhyme songs.***





শিউলি ফুল শিউলি ফুল
হাওয়ায় দোলে দোদুল দুল।

পড়ছে ঘাসে আওয়াজ নেই
তুলব ধীরে পড়বে যেই।

শিউলি ফুলে ভরল ডালা
সবাই মিলে গাঁথব মালা।

*শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের পাঠটি সহজপাঠের 'এসেছে শরৎ, হিমের পরশ'-এর ভিত্তিপাঠ হিসেবে ব্যবহার করবে।*

# দশকের ঘরে ১ বাড়ালে কত বাড়ে?

এক দশ তিন ১৩  দশকের ঘরে ১ বাড়ালে ২৩ 

বাড়ল  ১০

এক দশ সাত ১৭ দশকের ঘরে ১ বাড়ালে

বাড়ল

এক দশ পাঁচ ১৫ দশকের ঘরে ১ বাড়ালে

বাড়ল

এক দশ আট ১৮ দশকের ঘরে ১ বাড়ালে

বাড়ল

শিক্ষণ পরামর্শ : দশকের ঘরে ১ বাড়ালে সংখ্যার মানে কত বাড়ে সে বিষয়ে শিক্ষার্থীদের ধারণা গড়ে উঠবে।

## Look and Say



chain



arch



chair



beach




chalk



bench



cheek



hunch



chin



peach

**Learning Tips :** ***Students will look at the pictures and say the words.***

# ছুটির মজা

শরৎ এসেছে। ছুটির বাঁশি বাজে। আকাশ ঘন নীল। পেঁজা তুলোর মতো সাদা মেঘ নৌকো হয়ে ভেসে যায়। দূরের মাঠে, নদীর পাড়ে সাদা কাশফুল। হাওয়ায় দোলে। উঠোনের শিউলি গাছটা ফুলে ভরা। চারিদিকে দুগ্‌গো পুজো আর ইদের খুশি। সবাই মাতোয়ারা। পথের মোড়ে অচেনা গাড়ির ভোঁ। বেড়াতে যাবো দূরদেশে। পড়াশুনোয় এখন কয়েকদিনের ছুটি। তাই শুধুই মজা।




শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের পাঠটি সহজপাঠের 'এসেছে শরৎ, হিমের পরশ'-এর অনুসারী পাঠ হিসেবে ব্যবহার করবে।

বা ◯ -এ ঠিকমতো ০, ১, ২.... বা একক বা দশক লিখি।

| সংখ্যা | বাম ঘর | বাম ঘরের নাম | ডান ঘর | ডান ঘরের নাম | বাম বৃত্ত | ডান বৃত্ত |
|---|---|---|---|---|---|---|
| ১০ | ১ | দশক | ০ | একক | ১০ | ০ |
| ১৫ | | দশক | ৫ | | | ৫ |
| ২৩ | ২ | | | একক | ২০ | ৩ |
| ২২ | ২ | দশক | | একক | ২০ | ২ |
| ২০ | | দশক | | | | ০ |
| ৩৩ | | | ৩ | একক | | |
| ৩০ | ৩ | দশক | | একক | | ০ |
| ৩৭ | ৩ | দশক | ৭ | | | |
| ৪০ | ৪ | | | একক | | |
| ৪৪ | | দশক | | একক | ৪০ | |
| ৪৫ | | দশক | ৫ | | | ৫ |
| ৪৯ | | | | একক | | |
| ৩৫ | ৩ | দশক | | একক | ৩০ | |
| ১৭ | | দশক | ৭ | | | |
| ২৭ | | | | একক | ২০ | |

*শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ঠিকমতো সংখ্যা বা একক, দশক লিখবে।*

## Look and Say



sheep



shell



ship



shoes



shop



brush



bush



dish



fish



push

**Learning Tips :** ***Students will look at the pictures and say the words.***

শরতের শেষে হিম পড়ে। সকালে মাঠে ঘাসের আগায় শিশির জমে। কুয়াশায় ঢাকা পড়ে যায় মাঠ। দুপুরে রোদের তেজ কম। ঝপ করে বিকেল নামে। আঁধার করে আসে চারিদিক। সব যেন চুপচাপ। রাত হয়। শুয়ে শুয়ে নানা কথা মনে পড়ে। কখন যেন ঘুমে জড়িয়ে আসে চোখ।

**কোন ঋতুতে কী হয়? ঠিক মতো দাগ দিয়ে দেখাও।**

| | |
|---|---|
| গরম | পিঠে-পুলি, নতুন আলু, ফুলকপি, চড়ুইভাতি, গরম জামা |
| শীত | গাঢ় মেঘ, ঝমঝম জল |
| বরষা | শিউলি ফুল, পুকুর ভরা জল, কাশফুল |
| শরৎ | আম, কাঁঠাল, জাম, লিচু |

| | |
|---|---|
| গরম | গাঁদা ফুল, ডালিয়া, কমলালেবু |
| শীত | ধান রোয়া, পথ পিছল |
| বরষা | নীল আকাশ, সাদা মেঘ |
| শরৎ | বিকেলে ঝড়, চাঁপা ফুল |

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের পাঠটি সহজপাঠের 'চুপ করে বসে ঘুম পায়'-এর সঙ্গে পড়বে। তারপর শিক্ষার্থীরা বিভিন্ন ঋতুর নানা দিক নিয়ে কর্মপত্রের কাজটি করবে।

## নীচের কোনটা কোন ঘরে বসবে লেখো


কুয়াশা, শীত, শরৎ, মালতী, আমলকী, হিম, দিঘি, মেঘ, দুগ্গা পুজা, আঁধার, মাঠ, ইদ, গরমকাল, টগর, খেত, শিউলি, মৌমাছি, ধানগাছ, বড়োদিন, শিশির।

| ঋতু | ফুল | ফল | উৎসব | পরিবেশ |
|---|---|---|---|---|
| শরৎ | | | | কুয়াশা |

*শিখন পরামর্শ : শিক্ষার্থী তার অভিজ্ঞতা থেকে উপরের কর্মপত্রের কাজটি করবে। শিক্ষার্থীর প্রকৃতি ও পরিবেশ ও নিজের জীবন সম্বন্ধে ধারণার প্রতিফলন ঘটবে।*

## পাঁচ দশ এক ৫১ থেকে আট দশ ৮০। ফাঁকা ঘরে লিখি :







তুমি যা পূরণ করলে এবার এসো পরপর লিখি

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫০ | ৫১ | | | | | ৫৬ | | | | | | | | | |
| | | | | ৬৯ | | | | | | ৭৫ | | | | | ৮০ |

শিখন পরামর্শ : *শিক্ষার্থী ৫১ থেকে ৮০ পর্যন্ত ফাঁকা ঘরে লিখবে।*

## Match the words with the pictures



- shell




- fish



- sheep



- chain



- bench

**Learning Tips :** ***Students will look at the pictures and match them with the words.***

| | |
|---|---|
| sh<br>ch | op, di, bu,<br>alk, bru, pea, |




**chalk** ____________



**sh** ____________



____________



____________



____________



____________

Learning Tips : *Students will make words and match them with the pictures.*

## নীচের কথাগুলো এলোমেলো আছে। সাজিয়ে লেখো :

- মুড়ি খায় বোঁদে রহিম। ______________________________।
- ঝাঁকা যায় হেঁকে নিয়ে কাকা পাঁচু। ______________________________।
- বাজায় রাতে আঁধার আসিফ বাঁশি। ______________________________।
- কাটে দিয়ে সাঁতার পুকুরে ঝাঁপ টুনু। ______________________________।
- বঁটিতে মাছের চাঁদু দাদা ছাড়ায় আঁশ। ______________________________।

## বলোতো আমার নাম

১) ফলের রাজা বলে থাকে
জগৎ জোড়া নাম
গরমকালে আমায় পাবে
বলো তো কী নাম?

আমার নাম....

---

২) আম থেকে 'আ' যদি
বাদ দিয়ে দাও।
'জা' জুড়ে পাবে ফল,
মজা করে খাও।

আমার নাম....

---

৩) বাইরে সবুজ ভেতরে লাল
রসে ভরা ফল।
লতার বোঁটায় আছে ধরা
যেন সে ফুটবল।

আমার নাম....

শিখন পরামর্শ : *শিক্ষার্থীরা কর্মপত্রে ঠিকভাবে শব্দ সাজিয়ে বাক্য গঠন করবে। নীচে ফল বিষয়ক ধাঁধাগুলির সমাধান করবে ও লিখবে।*




শিখন পরামর্শ : শিক্ষার্থীরা চেনা -জানা-অভিজ্ঞতার ভিত্তিতে ছবিটি রং করবে। এবং ঘুড়ি ওড়ানোর মজা নেওয়ার চেষ্টা করবে।

পাশের ছবিটি দেখে নিজের মতো আঁকি আর রং করি :

## ঠিক আগে বা ঠিক পরে কত? আগের বা পরের ঘরে লিখি:

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫৩ | | | | ৭৯ | | | ৬৬ | | ৭২ | |
| | ৭৭ | | | ৫২ | | ৭৪ | | | | ৬৩ |
| ৬৫ | | | ৬৯ | | | | ৫৭ | | | ৫৪ |

## এক বোঁটায় তিনটে আম। গায়ে কিছু লেখা। কিছু লেখা উঠে গেছে। তুমি লিখে দাও:




## উলটে দিলে কত হয়? বাড়ে, না কমে?

| | | |
|---|---|---|
| ৬৭ | ৭৬ | বাড়ে |
| ৭২ | | |
| ৫৩ | | |
| ৩৭ | | |

## কোনটা উলটে দিলে একই থাকে?

| | |
|---|---|
| ৬১, ৭৫, ৭৭, ৭৩, ৩২ | ৭৭ |
| ৭৪, ৩৩, ৫২, ৩১, ৩৭ | |
| ২৫, ৫৪, ২১, ৭১, ১১ | |
| ৪৪, ৫৩, ৬২, ৭৫, ২৬ | |

## ১ যোগ বা বিয়োগ করলে কত হয় লিখি।

| | |
|---|---|
| ৬৭ + ১ | |
| ৫৭ + ১ | |
| ৬৫ − ১ | |
| ৫৮ − ১ | |

## সবচেয়ে বড়োটা লাল ও সবচেয়ে ছোটোটা নীল গোল করি।

| | | | | |
|---|---|---|---|---|
| ৭২ | ৫৭, | ৬৩, | ৪৯, | ২৮ |
| ৫৭, | ৬৯, | ৭৭, | ৪৬, | ৫২ |
| ৭৩, | ৩২, | ৬২, | ২৮, | ৯ |
| ৬৫, | ৩০, | ৬০, | ৭০, | ৫১ |

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা এই কর্মপত্রে সংখ্যা বিষয়ে গত কয়েকদিনে গড়ে ওঠা ধারণার প্রয়োগ করবে। ধারণা আরো স্পষ্ট ও মজবুত হবে।

## Look at the pictures and say these words

ring 

wing 

sing 

tooth 

path 

earth 

## Listen and say


The sun, bright and red
Peeps through the trees,
Fishes play in water
In air fly the bees.
Birds flap their wings,
Sweet is their song—
It's a lovely day
Let us sing along!

**Learning Tips:** *Students will look at the pictures and say the words. Then the teacher will motivate the students to participate in the rhyme songs.*




ফুল ছিল সে, বেশ তো ছিল
করল বেয়াদপি!
নিজের দোষে ফুলই শেষে
হলো তো ফুলকপি!





উট ভাবল, আর কতদিন
চুপটি করে থাকি?
গজাল তার অমনি ডানা
হলো সে উটপাখি!





মাছ ছিল সে, বেশ তো ছিল
খুঁজতে গেল ডাঙা!
নিজের দোষে মাছই শেষে
হলো তো মাছরাঙা!



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ভবানীপ্রসাদ মজুমদারের 'রূপান্তর' কবিতাটি (সংক্ষেপিত) সহজপাঠের 'কতদিন ভাবে ফুলে'-র অনুসারী পাঠ হিসেবে ব্যবহার করবে।

১) হিরুর কাছে ৪টে জাম আছে। তার দাদা আরো ২টো জাম দিল। ওর কাছে মোট কটা জাম হলো?

৪ + ২ = ৬

হিরুর কাছে মোট ৬ টা জাম হলো।

২) মোতি বিলে ৫টা বক বসে আছে। আরো ২টো উড়ে এসে বসল। এখন বিলে কটা বক হলো?

☐ + ☐ = ☐

বিলে এখন ☐ টা বক হলো।

৩) ঘাসের উপর ৮টা ফড়িং বসে আছে। সেখানে আরো ৫ টা ফড়িং এসে বসল। মোট কটা ফড়িং হলো?

☐ + ☐ = ☐

মোট ☐ টা ফড়িং হলো।

৪) তুমি মেলায় যাবে। তাই বাবা তোমাকে ৮টাকা দিল। মা আরো ৭টাকা দিল। তোমার কাছে কত টাকা হলো?

☐ + ☐ = ☐

আমার কাছে ☐ টাকা হলো।

৫) হীরার কাছে ৫টা গুলি আছে। তার ভাই তাকে আরো ৪টে গুলি দিল। ওর কাছে মোট কটা গুলি হলো?

☐ + ☐ = ☐

হীরার কাছে মোট ☐ টা গুলি হলো।

৬) কাজলের জালে ৭টা মাছ উঠল। কাজল আবার জাল ফেলল। এবার ৯টা মাছ উঠল। কাজল মোট কটা মাছ পেল?

☐ + ☐ = ☐

কাজল এখন ☐ টা মাছ পেল।

৭) আসিফকে তার চাচা ৪টে লিচু দিল। ফুফু আরো ৬টা লিচু দিল। আসিফের মোট কটা লিচু হলো?

☐ + ☐ = ☐

মোট ☐ টা লিচু হলো।

৮) মিমির কাছে ৮টা গুলি আছে। সে দোকান থেকে আরো ৯টা গুলি কিনল। মিমির কাছে কটা গুলি হলো?

☐ + ☐ = ☐

মিমির কাছে ☐ টা গুলি হলো।

শিখন পরামর্শ : *শিক্ষার্থী তার যোগ সম্বন্ধে নির্মিত ধারণার প্রয়োগ করবে।*

## Pick words from the box and fill in the blanks

| wings, | path, | swing, | earth, | teeth |
|---|---|---|---|---|

A bird has two ________________.

We brush our ________________.

I walk on the village ________________.

I play on the ________________.

We love our beautiful ________________.


*T: Look at me. I am a bird. (The teacher acts like a bird. He/she uses his/her hands as wings.)*

*T: Can you act like a bird?*

*P: Yes madam/sir, we can. (They also act like birds.)*

**Learning Tips :** ***Students will pick words from the box and fill in the blanks.***

দেখে দেখে আঁকি আর রং করি :







শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ছবি আঁকবে এবং পাশের ছবি দেখে ও তাদের চেনা-জানা অভিজ্ঞতার ভিত্তিতে রং করবে।

## ভাবো আর জোড়ো

হবে মাছ বালি
যাব পাখি খেলতে চিকচিক
আজ
চিল ধুলো ডাকে মাঠে থাকে
জল
ওড়ে
আমরা আলো জলে রোদে হাতি
ভোরবেলা ঝিলমিল
আকাশে করে

১. মাছ জলে থাকে।

২.

৩.

৪.

৫.

৬.

৭.

৮.

৯.


১০.

*শিখন পরামর্শ : শিক্ষার্থীরা শব্দ-বাক্স থেকে শব্দ নিয়ে অর্থপূর্ণ বাক্য গঠন করবে।*

## রেলগাড়িতে আর বেলুনে কে কার পরে?

১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ...........রা রেলগাড়িতে যাবে।

১ নিল ৩ কে। ৩ নিল ৫ কে। ৫ নিল ৭ কে। পরের বগি গুলোতে কে কে বসে?




২ নিল ৪ কে। ৪ নিল ৬ কে। ৬ নিল ৮ কে। পরের বগি গুলোতে কে কে বসে?





২০-এর পরে ৩০। ৩০-এর পরে ৪০। শেষ বগিতে ৮০। মাঝে কে কে?





১৫ নিল ২৫ কে। ২৫ নিল ৩৫ কে। ৩৫ নিল ৪৫ কে।

৪৫-এর পর বগিগুলোতে কে কে?




১১-র পাশের বেলুনে লেখা ২২। তার পাশের বেলুনে লেখা ৩৩। পরের বেলুনগুলোয় কত লেখা হবে?





শিখন পরামর্শ : *শিক্ষার্থীরা সংখ্যা সম্বন্ধিত বিভিন্ন ধারণার প্রয়োগ করবে।*



## Let's make words


A.

1. ne + ck = neck
2. ____ + ck = lock
3. ____ + ck = ____
4. ____ + ck = ____
5. ____ + ck = ____
6. ____ + ck = ____




B.

1. li + nk = link
2. ____ + nk = ____
3. ____ + nk = ____
4. ____ + nk = ____
5. ____ + nk = ____
6. ____ + nk = ____




Learning Tips : *Students will use the diagram and make new words.*

এখন ভোরবেলা। তৃণের আগায় শিশির পড়েছে। তৃষা আর পৃথা পথ দিয়ে চলেছে। ওরা লেখাপড়ায় খুব কৃতী। মৃদুল ওদের ভাই।



এই পৃথিবী কত মধুর। মৃগ তৃণভূমিতে চরে বেড়ায়। সেখানে মৃদু বাতাস বয়। কৃষক কৃষিকাজ করেন।

বৃথা সময় অপচয় কোরো না। কাউকে ঘৃণা করতে নেই। কেউ পৃথক নয়। হৃদয় জুড়ে ভালোবাসা থাকুক।

## পাঠে 'ঋ'-কার দেওয়া কথাগুলি বেছে নিয়ে লেখো :

১. ------------ ২. ------------ ৩. ------------ ৪. ------------

৫. ------------ ৬. ------------ ৭. ------------ ৮. ------------

৯. ------------ ১০. ------------ ১১. ------------ ১২. ------------

১৩. ------------ ১৪. ------------ ১৫. ------------

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের পাঠটিতে তাদের পরিচিত পরিবেশে 'ঋ' কার যুক্ত শব্দের প্রয়োগ দেখবে। তারপর কর্মপত্রের কাজটি করবে।

## আট দশ এক ৮১ থেকে দশ দশে এক শত। ফাঁকা খোপে লিখি :

দশ দশে ১০০

নয় দশ ছয় ৯৬

নয় দশ এক ৯১

আট দশ পাঁচ ৮৫

আট দশ ৮০



তুমি যা পূরণ করলে এবার এসো পরপর লিখি

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৮০ | ৮১ | | | ৮৪ | | | | | | |
| | | ৯২ | | | | ৯৬ | | | | ১০০ |

## ঠিক মতো < বা > বসাই :

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৯১ | | ৮১ | ৯৫ | | ৯০ | ৯৮ | | ৮২ |
| ৯৪ | | ১০০ | ৮৫ | | ৯৬ | ৮০ | | ৮৭ |
| ৮৭ | | ৬৯ | ৭৯ | | ৮৩ | ৯৩ | | ৯৭ |
| ৮৯ | | ৯৯ | ৮৩ | | ৮৬ | ৮৮ | | ৯৫ |

*শিখন পরামর্শ : শিক্ষার্থী ৮১ থেকে ১০০ পর্যন্ত লিখবে। তারপর < বা > প্রয়োগ করবে।*

## Look at the pictures and make meaningful words



n i s k ⟶ s i — —



c k r o f ⟶ f r o — —



k c o l ⟶ l o — —



k n t a ⟶ t a — —




o k l c c ⟶ — — — — —



k i p n ⟶ — — — —

## Rhyming words:

back sa — —

tank ba — —

pink — — — —

**Learning Tips :** *Students will look at the pictures and arrange the letters properly to make meaningful words. Then they will give some rhyming words.*

## সাজিয়ে লেখো

১. গায় বনে গান পাখি। ------------------------------------।

২. ফুল ডালে ফোটে ডালে। ------------------------------------।

৩. ঢাকা আশাদাদা এল থেকে আজ। ------------------------------------।

৪. জলে ঝুপ পড়ে মাছরাঙা এসে ক'রে। ------------------------------------।

৫. নৈনিতালে মৈনি মাসি মাসে বৈশাখ ছিল। ------------------------------------।

৬. বসে ভাত আছে নিয়ে সৌরি দিদি। ------------------------------------।

৭. ফুলে ফুলে এক সাদা ধারে কাশবন। ------------------------------------।

৮. মাছ মিটমিটি চায় ধরে বক আর। ------------------------------------।

৯. পড়ে ঝুঁকে বাঁশগাছ ঝুঁকে। ------------------------------------।

১০. তীরে নাহিবার ছেলেমেয়ে তীরে কালে। ------------------------------------।

১১. পেতাম হত যদি বড়ো ভালো উড়িতে। ------------------------------------।

১২. ঝাঁক সেথা কিচিমিচি করে শালিকের। ------------------------------------।

১৩. যায় হাতে খাতা মামা। ------------------------------------।

১৪. ভাই হবে মিলে খেলা তিন। ------------------------------------।

১৫. ধরে খালে মাছ বক। ------------------------------------।

*শিখন পরামর্শ : শিক্ষার্থীরা শব্দগুলি ঠিকভাবে সাজিয়ে অর্থপূর্ণ বাক্য গঠন করবে।*

মা-ইঁদুর আর তার ৫ ছানা। কেউ ছোটো, কেউ বড়ো। ছোটো কম খায়। বড়ো বেশি খায়। ৬টা থলিতে কয়েকটা করে চাল রেখেছে। কোনটা কার, দাগ দিয়ে দেখাই।




কোনটা ছোটো, কোনটা বড়ো? ঘরগুলিতে < বা > বসাই।

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৯৩ | ☐ | ৮৯ | ৮৫ | ☐ | ৮৯ | ৯৮ | ☐ | ৮১ | ৯০ | ☐ | ৩৯ |
| ৫৩ | ☐ | ৭৭ | ৬৩ | ☐ | ৩৯ | ৮৫ | ☐ | ৪৫ | ৬৯ | ☐ | ৯৯ |
| ৯৭ | ☐ | ৭৯ | ৯২ | ☐ | ২৯ | ৪৫ | ☐ | ৫৪ | ৭৪ | ☐ | ৬২ |

বড়ো যত, বাইরে তত।

দেখে বুঝে নিজে লিখি।




*শিখন পরামর্শ : শিক্ষার্থীরা পরিমাপের সঙ্গে সংখ্যার সমন্বয় করতে শিখবে। সংখ্যার বিভিন্ন রকম প্রয়োগ করতে শিখবে।*

# Fruits


I can see a/an ...



apple



pineapple



banana



orange



mango



guava



grapes



watermelon




blackberry



strawberry

**Learning Tips :** ***Students will identify different fruits and they will know about the positive effects of eating fruits.***

# ছোটো রবি, ছোটোদের রবি



রবি থাকত কলকাতার জোড়াসাঁকোয়। ছোটোবেলায় সে একবার বোলপুরে বেড়াতে গেল। সেখানে মাথার উপর নীল আকাশ। চারপাশে নানা গাছ। তাল, শাল, আম, খেজুর, সোনাঝুরি, পলাশ। গাছে গাছে পাখি। কাছেই একটা নদী। নদীর নাম কোপাই। তার পাশে লাল মাটি। কাঁকর-নুড়ি মেশানো। মাঝে মাঝে তার দুই দিকের মাটি ধুয়ে গেছে। কোথাও নালার মতো। কোথাও বা টিলার মতো। আবার কোথাও মানুষের মতো। এরকম জায়গাকে বলে খোয়াই।

সে খোয়াই-এর দিকে বেড়াতে গেল। সে মজা করে ঘুরলো। খুঁজে খুঁজে নুড়ি পাথর কুড়োল।

বড়ো হয়ে রবি ঠাকুর বোলপুরে বেশি থাকতেন। ঘুরে ঘুরে দেখতেন। অনেক কিছু লিখতেন। কবিতা, গান, নাটক। অনেক ছবিও আঁকতেন।

সেখানে ছোটোদের ইসকুল তৈরি করেন। ইসকুল বসতো গাছের তলায়। সেখানে তিনি পড়াতেন। তিনি ছোটোদের পড়ার মতো অনেক বই লেখেন। তোমাদের সহজ পাঠ বইটি তাঁরই লেখা।



শিখন পরামর্শ : *শিক্ষার্থীরা উপরের পাঠটিতে রবি ঠাকুর ও তার প্রিয় বোলপুর সম্পর্কে নানান কথা জানতে পারবে। শিক্ষক/ শিক্ষিকা শিক্ষার্থীদের রবি ঠাকুর সম্পর্কে আরো কথা জানার জন্য উৎসাহ প্রদান করবেন।*



ক) ছবি থেকে 'প' এবং 'ব' দেওয়া কথাগুলি খুঁজে বের করে লেখো :

| | | | |
|---|---|---|---|
| ১.------------- | ২.------------- | ৩.------------- | ৪.------------- |
| ৫.------------- | ৬.------------- | ৭.------------- | ৮.------------- |
| ৯.------------- | ১০.------------- | ১১.------------- | ১২.------------- |
| ১৩.------------- | ১৪.------------- | ১৫.------------- | ১৬.------------- |
| ১৭.------------- | ১৮.------------- | ১৯.------------- | ২০.------------- |

খ) ছবির বিষয়ে তিনটি লাইন লেখো :


১। ---------------------------------।

২। ---------------------------------।


৩। ---------------------------------।

শিখন পরামর্শ : *শিক্ষার্থীরা কর্মপত্রে শব্দ বিষয়ক কাজটি করবে। নিজের ভাবনা ব্যবহার করে সম্পূর্ণ বাক্য গঠনের কাজও করবে।*


কোন ছবিতে কটা ▽ আছে? নীচের ঘরগুলিতে লিখি :




যোগ করে লিখি :





যোগ করে লিখি :




কত যোগ করেছি তা লিখি :





কত যোগ করেছি তা লিখি :




*শিখন পরামর্শ : শিক্ষার্থীরা কোনো বস্তু ক'টি আছে সেই বিষয়ে ধারণা লাভ ও প্রয়োগ করবে। যোগের বিভিন্ন রকম প্রয়োগ করবে।*


# FUN WITH FRUITS

**Fill in the missing letters.**





 **Learning Tips :** ***Students will look at the pictures and make words from the letter diagram/letter puzzle.***

# বাংলার ফল




শিখন পরামর্শ : শিক্ষার্থীরা কর্মপত্রটিতে তার জানা ফলের নাম লিখবে (বর্ণ ও বিভিন্ন স্বরচিহ্ন প্রয়োগে শব্দ গঠনের মাধ্যমে)। বিভিন্ন ফল গাছের চারা বসানোর ও তাদের যত্ন করার অভ্যাস গড়ে তুলবে।



## কোনটা কতগুলো আছে?

গাছতলায় আম পড়ে আছে ☐ টা।

গাছে আম আছে ☐ টা।

গাছে আম ☐ (বেশি / কম)।

☐ টা ☐ (বেশি / কম)

পুকুরে মাছরাঙা বসে আছে ☐ টা।

জলে পানকৌড়ি আছে ☐ টা।

ছবিতে ☐ টা কাক, ☐ টা ঘুঘু, ☐ টা টিয়া ☐ টা চিল আছে।

ছবিতে পাখি আছে মোট ☐ টা।

মৌচাকের কাছে ☐ টা মৌমাছি উড়ছে।

উপরে মোট কটা ঘর আছে? পাশের ঘরে লেখো। ☐ টা।

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ছবিটি দেখে লেখা পড়ে খোপগুলি ভরবে।



## Let's listen and say...

# My week

Off to school on Monday
Read a page on Tuesday
Write three lines on Wednesday
Solve five sums on Thursday
Draw and paint on Friday
Sing a song on Saturday
Play all day on Sunday!



**Monday** **Tuesday** **Wednesday**

**Thursday** **Friday** **Saturday** **Sunday**

**Learning Tips :** *The teacher will motivate the students to participate in the rhyme song. Students will come to know about different days of a week.*

# নুরু থেকে নজরুল

নুরুরা বড়োই গরিব। তারা থাকত চুরুলিয়ায়। নুরুর পড়ার খুব শখ। বাড়িতে শুধুই অভাব। বারবার ইসকুল ছাড়তে হয়েছে। রুটির দোকানে কাজ করতে হয়েছে। নুরু তবু হাল ছাড়েনি। যা পেত তাই সে পড়ত। পাঁচালি হোক বা কোরান।

গান খুব ভালোবাসত নুরু। গানের দলে ঢুকল সে। তার পালাগান শুনে সবার ভালো লাগল।



বড়ো হয়ে তিনি যোগ দিলেন সেনাদলে। গেলেন বিদেশে। সেখানে অনেকের সাথে আলাপ করলেন। শিখলেন নতুন নতুন ভাষা।



তিন বছর পরে ঘরে ফিরে এলেন। লিখলেন কবিতা, গান, নাটক। সেসব সবার মন জয় করল। পাশাপাশি চলল অভিনয়। নাটকে, সিনেমায়। লিখলেন দেশের কথা। সাধারণ মানুষের সুখ-দুঃখের কথা। তখন দেশ ছিল পরাধীন। তাঁর লেখা পড়ল মানুষ। লড়াই করার উৎসাহ পেল। আবার তিনি ছোটোদের ছড়া, গানও লিখেছেন। সে সব লেখা খুবই মজার। তিনিই আমাদের চেনা কবি **কাজী নজরুল ইসলাম।**

শিখন পরামর্শ : *শিক্ষার্থীরা উপরের পাঠটি পড়ে বিদ্রোহী কবি নজরুলের জীবন সম্পর্কে অনেক কথা জানতে পারবে। শিক্ষক/শিক্ষিকা শিক্ষার্থীদের কবি ও মানুষ নজরুলের সম্পর্কে আরো কথা জানতে উৎসাহ দেবেন।*

১) বাগানে ৯টা ফুলের চারা ছিল। আরো ৪টা চারা গাছ লাগানো হল। এখন মোট কটা চারা হলো?

৯ + ৪ = ১৩

| |
|---|
| ৯ |
| + ৪ |
| ১৩ |

বাগানে মোট [ ] টা ফুলের চারা হলো।

২) টগর গাছে ৯টা ফুল ফুটেছিল। ২টো ফুল পড়ে গেছে। গাছে আর কটা ফুল আছে?

৯ – ২ = ৭

| |
|---|
| ৯ |
| – ২ |
| ৭ |

গাছে এখন [ ] টা ফুল হলো।

৩) তুমি ৮টাকা দামের বই ও ৫ টাকা দামের পেন কিনলে। তোমার কত টাকা খরচ হলো?

আমার [ ] টাকা খরচ হলো।

৪) তোমাদের বাগানে ৯টা কলাগাছ ছিল। ৫টা গাছ ঝড়ে ভেঙে গেল। এখন কটা গাছ দাঁড়িয়ে রইল?

এখন [ ] টা গাছ দাঁড়িয়ে রইল।

৫) বাবা জাল ফেলে ৯টা মাছ ধরলেন। দাদা ছিপ দিয়ে ৭টা মাছ ধরল। মোট কটা মাছ ধরা হলো?

মোট [ ] টা মাছ ধরা হলো।

৬) মা ৮টা মাছ ভাজলো। দাদা ৩টে মাছ খেয়ে ফেললো। এখন কটা মাছ রইল?

এখন [ ] টা মাছ রইল।

৭) একটা গাড়িতে ৭ জন উঠল। পথে ৩ জন নেমে গেল। গাড়িতে কত জন রইল?

গাড়িতে [ ] জন রইল।

৮) একটা বাসে ৯জন বসে আছে। বাসে আরো ৮জন উঠল। এখন বাসে কতজন হলো?

এখন বাসে [ ] জন হলো।

*শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের কর্মপত্রে যোগ ও বিয়োগের ধারণার প্রয়োগ করবে।*

## Let's put the days as they come in a week...

| | | |
|---|---|---|
| Tuesday | 1. | |
| Thursday | 2. | |
| Wednesday | 3. | |
| Sunday | 4. | |
| Saturday | 5. | |
| Friday | 6. | |
| Monday | 7. | |



**Learning Tips :** *Students will arrange the names of days in the box in proper order. Students will say what they do in that days of a week.*

## কথাগুলি এলোমেলো আছে। ঘটনা অনুসারে পর পর সাজিয়ে লেখো

১। তিনি লিখলেন সাধারণ মানুষের সুখ-দুঃখের কথা।

২। তিনি সেনাদলে যোগ দেন।

৩। নুরুকে কাজ করতে হয়েছে দোকানে।

৪। তিন বছর পরে ঘরে ফিরে এলেন।

৫। গানের দলে ঢুকলো সে।

## পাঠ পড়ে লেখো

______________________________।

______________________________।


______________________________।

______________________________।

______________________________।

শিখন পরামর্শ : *শিক্ষার্থীরা 'নুরু থেকে নজরুল' পাঠটি পড়ে উপরের কাজগুলি করবে।*

# পশুর দেশে



হাতি : মহারাজ! মহারাজ!

বাঘ : হালুম। এখন আবার কী কাজ?

হাতি : কেন রাজন, বাজে এগারোটা
চারিদিকে ফুটে গেছে আলো।
এখন কি ঘুমোনো ভালো?

বাঘ : চোপ! আমি জাতীয় পশু বাঘ।
জানিস আমার রাগ!

হাতি : আপনি জাঁহাপনা, বাঘ।
ফলে সদাই থাকতে হবে সজাগ।
ঘটে গেছে ভয়ংকর ঘটনা।
হনুমান, হরিণ আর জিরাফকে ধরে
নিয়ে গেছে মানুষেরা।
বলছে, তাঁবুতে খেলা দেখাবে এরা।
কিছুতেই এদের ছাড়ব না।

বাঘ : এই রে, কী হবে?

[*শেয়াল, শজারু আর ময়ূরের প্রবেশ*]

এসো, এসো, সবে—

ময়ূর : আমি জাতীয় পাখি।
মানুষেরা মজা পেয়েছে নাকি?
চলো সবাই ওদের ঠোকরাই।

শেয়াল : হুক্কা হুয়া। কেয়া হুয়া। চলরে ভাই। ওদের মোরা ছাড়িয়ে আনতে যাই.....

শজারু : এই কাঁটা যখন দেবো ফুটিয়ে বুঝবে বেদনা কাল।
চলো বেশিদূরে যাবার আগেই করি ওদের নাকাল।

*[দু-তিনজন লোক হাতে লাঠিসোঁটা নিয়ে হনুমান, হরিণ আর জিরাফকে বেঁধে হাঁটছে।]*

মানুষ : বনটা পেরোলেই তুলব লরিতে। নিয়ে যাবো এদের। দেখাবো খেলা। ঘুরবো মেলায়।

*[হঠাৎ পশুরা ঘিরে ধরে]*

বাঘ : হালুম। হালুম। হালুম।
বনের পশু ধরলে কী হয় পাবে এবার মালুম।

শেয়াল : ওদের ছেড়ে দেবে কিনা বলো...

শজারু : ফুটিয়ে দেবো কাঁটা?

ময়ূর : হাতিয়ার ফেলে দাও নইলে, ঠুক্‌রে দেবো মাথা...

মানুষ : না না। ওরে বাবা। ছেড়ে দেরে ওরে ছেড়ে দে।
আর করবো না কোনোদিন। ভালোয় ভালোয় ফিরে যাই।

আর একজন মানুষ : উপায় তো আর নেই। চলো পালাই।

*[বাঁধন খুলে দেয়। ছুটে পালায়।]*

জিরাফ : আমার উঁচু গলা
বলেছিলাম, সাথিরা এসে বাঁচাবে ঠিক...

হনুমান : ওফ্, ছাড়া পেয়ে খুশি হলাম। খেয়েনি দুখানা কলা...

হরিণ : পরে কলা খাস। বাঘ হাতি শেয়াল ময়ূর শজারুকে,
বলরে এখন শাবাশ শাবাশ! বুঝতে হবে আগে
সাথিকে কেন লাগে।

*[সবাই হৈ-হৈ করতে করতে বনে ফিরে যায়।]*



**সকলের গান:**

আমরা বনের পশু আমরা বনের পাখি
বনের মাঝে সবাই মিলে বেশ মজাতেই থাকি।

শিখন পরামর্শ : *শিক্ষার্থীরা উপরের নাটকটি পড়বে এবং শ্রেণিকক্ষে অভিনয় করবে।*

১) বাবা ৬টা, মামা ৫টা আর দাদা ৭টা আম আনলেন। মোট কটা আম বাড়িতে এল?

মোট [ ] টা আম বাড়িতে এল।

৪) বাগানে ৩টে বেগুন গাছ। একটায় ৭টা, একটায় ৪টে, আর একটায় ৩টে বেগুন হয়েছে। বাগানে মোট কটা বেগুন হয়েছে?

বাগানে মোট [ ] টি বেগুন হয়েছে।

২) তুমি দোকানে ৯ টাকা দামের বই, ৫ টাকা দামের পেন আর ৪ টাকা দামের খাতা কিনলে। তোমার কত টাকা খরচ হলো?

মোট [ ] টাকা খরচ হলো।

৫) গাছে ৫টা টিয়া ছিল। দুদিক থেকে আরো ৫টা করে টিয়া এল। গাছে মোট কটা টিয়া হলো?

গাছে মোট [ ] টা টিয়া হলো।

৩) একটি অটোয় ৫ জন মানুষ ও অপর অটোয় ৪ জন মানুষ উঠেছেন। দুটি অটোয় কতজন মানুষ উঠেছেন?

দুটো অটোয় মোট [ ] জন আছে।

৬) তিনটে গাছে ৬টা করে কাঁঠাল হয়েছে। ৩টে গাছ মিলে মোট কটা কাঁঠাল হয়েছে?

৩টে গাছ মিলে [ ] টা কাঁঠাল হয়েছে।

*শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের কর্মপত্রে যোগের ধারণার প্রয়োগ করবে।*

# I am



Who are you?
I am a boy.

Who are you?
I am a girl.

Who are you?
I am Rina.

Who are you?
I am Sohan.


Who are you?
I am a student.

Who are you?
I am a teacher.



**Learning Tips :** ***Students will learn to introduce themselves.***

## এসো রং করি :



শিখন পরামর্শ : *শিক্ষার্থীরা উপরের ছবিটিতে নিজের কল্পনায় রং করবে।*

১) একটি পুকুর বা নদীর ছবি আঁকো। তারপর যা আঁকলে তা নিয়ে তিনটি লাইন লেখো।

---------------------------------------------------------------

---------------------------------------------------------------

---------------------------------------------------------------

২) তুমি বাড়ির থেকে সবচেয়ে দূরে কোথায় গেছ? সেখানে তুমি কী কী দেখেছ? তোমার দেখা তিনটি জিনিসের নাম লেখো।


---------------------------------------------------------------

---------------------------------------------------------------

---------------------------------------------------------------

শিখন পরামর্শ : *শিক্ষার্থীরা নিজেদের অভিজ্ঞতা থেকে ছবি আঁকবে ও লিখবে।*

বাঁ পাশের ছবির মতো করে ফাঁকা জায়গায় ঠিকমতো আঁকি।




খোপগুলিতে ঠিক মতো < , > বা = বসাই।

১৫ + ৪ [ = ] ১৯ [ > ] ১০        ১২ + ৭ [  ] ১৯ [  ] ২০

৭ + ৪ [  ] ১১ [  ] ৯        ১৯ + ১ [  ] ২০ [  ] ৭

১৬ + ২ [  ] ১৮ [  ] ১০        ১৫ + ৪ [  ] ১৯ [  ] ১৮

বিড়ালদের জামায় চারটে করে পকেট। জামার দু হাতে দুটো, বুকের দুদিকে দুটো। একজন পরপর নিয়েছে ৮১, ৮২, ৮৩, ৮৪। বাকিরাও পরপর নিলে কী হবে?




 শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের কর্মপত্রে জ্যামিতিক আকার, ছোটো-বড়ো চিহ্ন, ৮১ থেকে ১০০ সংখ্যার প্রয়োগ শিখবে।

# I am...





I am _______________________. I am ________ years old. I live in ________________________.

I read in class ________________________.

**Learning Tips :** *Students will introduce themselves. They will learn to construct complete sentence correctly.*



## Let's read..

| Days | Activity 1 | Activity 2 |
| --- | --- | --- |
| Monday | go to school | play football |
| Tuesday | go to school | sing songs |
| Wednesday | go to school | watch TV |
| Thursday | go to school | help mother |
| Friday | go to school | ride a bicycle |
| Saturday | go to school | play cricket |
| Sunday | draw pictures | go to market |



**Learning Tips :** *Students will read the daywise routine/activities written in the chart.*

1) On which days do you go to school?

I go to school on ____________, ____________,
____________, ____________,
____________ and ____________.

2) On which day do you play football?

I play football on ____________.

3) On which day do you draw pictures?

I draw pictures on ____________.

4) On which day do you play cricket?

I play cricket on ____________.

5) On which day do you watch T V.?

I watch TV on ____________.

What do you do on Sunday? Write two sentences.

1. I draw ____________________________

____________________________________

2. I ________________________________

____________________________________

**Learning Tips :** *Students will read the questions and fill in the blanks to construct complete sentences. Then they will write about their activities on Sunday.*

# বাজারে কেনাবেচা : নানা রকম নোট



## মনে মনে ভেবে ফাঁকা ঘরে লেখো





১) মাছ বেচছেন অধীর মামা। কিনলেন রানি পিসি। ১০০ টাকার নোট দিয়ে বললেন ৯০ টাকা কেটে নাও। অধীর মামা ______ টাকার একটা নোট দিয়ে বললেন, এই নাও বাকি টাকা।

২) আয়ুব চাচা ফুলকপি বেচছেন। জয়নাল দাদা ২টো কপি নিয়েছেন। ৩০ টাকা দাম। দাদা ৫০ টাকার নোট দিলেন। চাচা একটা ______ টাকার নোট ফেরত দিলেন।





৩) সীমাদি বেগুন বেচছেন। হীরক ১৫ টাকার বেগুন কিনে ২০ টাকার নোট দিল। সীমাদি ______ টাকার একটা নোট ফেরত দিলেন।

*শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের কর্মপত্রে ব্যবহারিক জীবনে যোগ ও বিয়োগের প্রয়োগ করবে (বাজারে টাকার নোট ব্যবহারের মাধ্যমে)।*

## May I ?



May I come in?
Please come in.



May I sit?
Please sit.

May I speak?
Please speak.





May I read?
Yes, please.



May I write?
Yes, please.



May I go?
Yes, please.

**Learning Tips :** ***Students will learn the use of 'may I' and 'please'. The teachet will use activities to facilitate the process.***

## কবিতার লাইনগুলি পরপর সাজিয়ে লেখো

বাঁশগাছ ঝুঁকে ঝুঁকে পড়ে,
দিঘি তার মাঝখানটিতে
জল নিতে আসে যত মেয়ে।
আছে আমাদের পাড়াখানি।
ঝুরুঝুরু পাতাগুলি নড়ে।
ছায়ার ঘোমটা মুখে টানি
বাঁকা এক সরু গলি বেয়ে
তালবন তারি চারি ভিতে।

সময় হয়েছে শুরু।
মালতীলতায় খোঁজ নিয়ে যায়
বুক করে দুরু দুরু—
টগর ফুটিল মেলা,
পেয়েছে খবর পাতা খসানোর
মৌমাছি দুই বেলা।
আমলকী-বন কাঁপে, যেন তার
শিউলির ডালে কুঁড়ি ভরে এল,

-------------------------------- --------------------------------
-------------------------------- --------------------------------
-------------------------------- --------------------------------
-------------------------------- --------------------------------
-------------------------------- --------------------------------
-------------------------------- --------------------------------
-------------------------------- --------------------------------
-------------------------------- --------------------------------

শিখন পরামর্শ : *শিক্ষার্থীরা উপরের কর্মপত্রে তাদের পরিচিত কবিতার লাইনগুলি সঠিকভাবে পরপর সাজিয়ে লিখবে।*

## Say with your teacher



This is a flower.



That is a flower.



This is a ball.



That is a ball.




This is a kite.



That is a kite.

**Learning Tips :** *Students will learn the use of 'this' and 'that' by looking at the distance between the speaker and the object in the pictures.*







**Learning Tips :** ***Students will read the examples and use 'this' and 'that' to fill in the blanks.***

# বাজারে কেনাবেচা : নানা রকম নোট



## মনে মনে ভেবে ফাঁকা চৌখুপিতে লেখো



১) টিপাই এক জোড়া কাঁচাকলা কিনল। সাড়ে চার টাকা দাম। টিপাই ৫ টাকার একটা কয়েন দিল। দিলু কাকা বেচছিলেন। একটা ______ পয়সা ফেরত দিলেন।

২) কামাল ভাই আলু বেচছেন। হেনা আপা ৮ টাকার আলু নিলেন। ১০ টাকার একটা নোট দিলেন। কামাল ভাই একটা ______ টাকার কয়েন ফেরত দিলেন।





৩) শিলা আর বিলু হাটে গেল। শিলা চপ নিয়ে ২ টাকার কয়েন দিল। বিলু কাঠি গজা কিনে ১ টাকার কয়েন দিল। দুজন মিলে খরচ করল ______ টাকা।

*শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের কর্মপত্রে ব্যবহারিক জীবনে যোগ ও বিয়োগের প্রয়োগ করবে (বাজারে টাকার নোট ও মুদ্রার ব্যবহারের মাধ্যমে)।*

## Say with your teacher



This is a bat.





This is a clock.


## Now fill in the gaps.



________ is a rose.



________ is a cup.



________ is a cap.

**Learning Tips :** ***Students will look at the pictures and fill in the blanks.***

## Say with your teacher





That is a bird.



That is a boat.

## Now fill in the gaps.



__________ is a lion.





__________ is a hen.





__________ is the cloud.



**Learning Tips :** ***Students will look at the pictures and fill in the blanks.***

## ফাঁকা জায়গায় কী হবে?

ছবিটা দেখো। মিল করে পরের ছবি হবে। ফাঁকা জায়গায় ছবি আঁকো।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| + − | + | + + | + | + + − | + − |
| > < | > | > > | > | > < > | > > |
| ↑ ↓ | ↓ | ↓ ↓ | ↓ | ↑ ↓ ↑ | ↓ ↑ |
| √ ◊ | ◊ | ◊ √ | √ | √ ◊ ◊ | √ |
| J ˥ | ˥ | ˥ J | J | ˥ ˥ ˥ | ˥ |
| × ÷ | ÷ | × × | × | ÷ × × | × |
| ∠ ⊂ | ⊂ | ∠ ∪ | ∠ | ∪ ⊃ ∩ | ⊃ |

| | | | |
|---|---|---|---|
| ⇓ ⇒ ∨ | ⇓ ∨ | ⇒ ⇓ ∨ | ⇒ |
| ⊥ ↵ ¬ | ⊥ ¬ | ¬ ∨ ⇑ | ∨ |
| ∪ ∪ ⊃ | ⊃ | ∪ ∪ ⊃ | ∪ |

*শিখন পরামর্শ : শিক্ষার্থীরা কর্মপত্রে বাঁদিকের ছবিটি দেখে ডানদিকের ছবিতে ফাঁকা খোপ পূরণ করবে।*

## Use 'This' & 'That' to fill in the blanks

1. ________ is my hand.

2. ________ is a bird.

3. ________ is my bed.

4. ________ is a star.

5. ________ is your pen.


6. ________ is my home.


7. ________ is my bag.

8. ________ is the sun.

Learning Tips : *Students will use 'this' and 'that' to fill in the blanks using 'this' for near objects and 'that' for far objects.*

## এসো রং করি :





শিখন পরামর্শ : *শিক্ষার্থীরা তাদের অভিজ্ঞতা থেকে উপরের ছবিগুলি রং করবে।*

ছবি দেখি। কী হয়েছে বুঝে নিই। ভাষায় লিখি। সমাধান করি।

একটা দেখে নিই।




ফুলের ডালিতে ৯ টা ফুল ছিল। ডালিতে আরো ৪টে ফুল দিল। ডালিতে মোট কটা ফুল হলো?

৯ + ৪ = ১৩

| |
|---|
| ৯ |
| +৪ |
| |

ডালিতে মোট ☐ টা ফুল হলো।









## Let's be friends

Let's shake hands,
Let's make bands,
And let's not fight.

Let's learn to care,
Let's learn to share,
And do things right.

## Two little keys

Two little keys,
Two very little keys,
Doors like hearts,
Will open with ease,
With two little keys.
And never forget,
That two of these,
Are 'thank you' and 'please'.

**Learning Tips :** ***The teacher will motivate the students to participate in the rhyme songs.***

# নীল ময়ূরের পালক

বিকেল গড়িয়ে এল। খেলার মাঠ থেকে বাড়ি ফিরছি। গাছের পাতায় শির্‌শির্‌ করে বইছে হাওয়া। হঠাৎ আবির বললো–'রহমান, শোন, একটা কথা আছে।' এগিয়ে গেলাম। 'নতুন দেশে যাবি?' 'মানে?'

'যাবি কিনা বল। সেদেশে পাহাড়ে পাহাড়ে উড়ে বেড়ায় নীল ময়ূর।'

'তোর যত আবোল তাবোল কথা!'

'শোন রহমান, যেতে যদি চাস তো বল। কাল ভোরে যাব। ঠিক পাঁচটায়। জানালা দিয়ে ডাকবো। টুক করে বেরিয়ে পড়িস।' এটুকু বলে সাঁকো পেরিয়ে আবির বাড়ির দিকে চলে গেল।

আমি আর আবির জলার মাঠ পেরোলাম। রাজু-মধুদের বাড়ি পেছনে ফেলে হাঁটছি। বাঁশবাগানের ডানদিকে এরকম একটা পথ? আগে জানতামই না! আবির বললো, 'আওয়াজ করিস না। ময়ূরগুলো উড়ে যাবে।' 'তোর নতুন দেশ এদিকে?' ফিসফিস করে আবির জানায়, 'একটু এগোলেই বুঝতে পারবি।' হঠাৎ সামনে দেখি আজব ঘটনা। ঢালু বালির পরে বিশাল সাগর। বড়ো বড়ো ঢেউ উথালপাথাল করছে। বাঁ-দিকটায় ছোটো ছোটো দুটো পাহাড়। উড়ে এল দুটো নীল ময়ূর। আমাদের কাছেই বসল পেখম মেলে। আমি অবাক। তখন মেঘের ফাঁক দিয়ে ঝলমলে রোদ ছড়ালো চারদিকে। 'রহমান, নীল সাগরে নামবি না?' বলতে বলতে জলের দিকে এগোল আবির। ও সাঁতার জানে তো? হঠাৎ হাতে নরম একটা কী যেন লাগল। দেখি কাছ ঘেঁসে দাঁড়িয়েছে ময়ূরটা।

চোখ খুলে দেখলাম সকাল হয়ে গেছে। মা বললেন, 'আটটা বাজে, এবার ওঠো। ইসকুলে দেরি হয়ে যাবে।' মনখারাপ হয়ে গেল। হঠাৎ দেখি, হাতের পাশে ময়ূরের একটা পালক। আরে, এটা এখানে এল কী করে?



শিখন পরামর্শ : *শিক্ষার্থীরা উপরের পাঠটি সহজপাঠের 'কতদিন ভাবে ফুল উড়ে যাব কবে'-র অনুসারী পাঠ হিসেবে ব্যবহার করবে।*

## Let's colour the picture...



রহমানের বাড়ি শহর ছাড়িয়ে অনেক দূরে। তুমি সেখানে বেড়াতে গেছ। একদিন বিকেলে সে আর তুমি গাঁয়ের পথে হেঁটে চলেছো। সহসা আকাশ ঘন মেঘে ভরে গেল। জোরে হাওয়া বইতে শুরু করেছে। চারিদিক ধুলোয় ধুলো। তোমরা ঘরের পথ ধরলে। হঠাৎ দেখলে একটা ময়ূর পেখম মেলে তোমাদের একেবারে সামনে চলে এসেছে। বরষা এল অঝোরে...

এরপর যা ঘটল, চলো নিজের ভাষায় কয়েকটি কথায় লিখে শেষ করি।

---

---


**What do you see after the rain? Write three sentences.**

1. I see

2. I

3.

**Now use your colour box and complete the rainbow.**



# শিখন পরামর্শ

## নতুন বই নিয়ে কয়েকটি কথা :

- জাতীয় পাঠক্রমের রূপরেখা-২০০৫ এবং শিক্ষার অধিকার আইন-২০০৯ এই দুটির নথিকে ভিত্তি করে প্রথম শ্রেণির শিশুদের জন্য এই নতুন বই রূপায়িত হল।
- উপরোক্ত দুটি নথিই ভারমুক্ত আনন্দময় শিখনের কথা বলে। নতুন বইটি প্রথম ভাষা, দ্বিতীয় ভাষা ও গণিতের সমন্বয়ে এবং সেইসঙ্গে বহুচিত্র, নাচ, গান, কৃত্যালি ও খেলাধুলার সংযোজনে গড়ে উঠেছে।
- শ্রেণিশিখনের ক্ষেত্রে যে চারটি ভিত্তির কথা বলা হয়েছে, তা হলো—
    1. শিশুকেন্দ্রিক শিক্ষা (child centric learning )
    2. হাতে কলমে প্রয়োগের মাধ্যমে শিখন (activity-based learning)
    3. সমন্বিত শিখন (integrated learning)
    4. আনন্দময় শিখন (joyful learning)
- শিশু তার চারপাশের প্রকৃতি ও চেনা জগৎ থেকে দেখে ও শুনে বহুকিছু শেখে, যা তার সহজাত শিখন (natural learning), আবার অনেক সময় তার থেকে অভিজ্ঞতর কেউ তার শেখার পদ্ধতিকে সহায়তা (facilitate) করে, যা তার প্রদীপ্তিত শিখন (guided learning)। তাই এই বইটিকে এমনভাবে রূপায়ণ করা হয়েছে যাতে বইটি এই দুই ধরনের শিখনের মধ্যে সেতুর কাজ করে, শিক্ষিকা বা শিক্ষকবৃন্দ উপস্থিত থাকবেন সহায়ক (facilitator) হিসেবে।
- বইটি রূপায়ণের ক্ষেত্রে খেয়াল রাখা হয়েছে যাতে জ্ঞান শিশুর কাছে কোনো অচেনা দেশের অজানা ভাষা না হয়। তাই বইয়ে শিখনের পরিসর শিশুর পরিচিত জগৎ থেকেই নেওয়া হয়েছে, যাতে শিশু বাইরে থেকে গৃহীত ন্যূনতম সহায়তায় নিজের অভিজ্ঞতা ও বোধের সমন্বয়ে কোনো কিছু সম্বন্ধে ধারণা নিজেই গড়ে তুলতে পারে।
- রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'সহজপাঠ' প্রথম ভাগ রয়েছে এই সমন্বিত শিক্ষা পরিকল্পনার কেন্দ্রে। প্রথমাংশের প্রস্তুতিপর্বের শেষে বইটিতে যে পাঠগুলি রয়েছে সেগুলি 'সহজপাঠ' প্রথম ভাগের সঙ্গে ওতপ্রোত। পাঠগুলি সহজপাঠের বিভিন্ন অধ্যায়কে অনুধাবন করার জন্য কখনও ভিত্তিপাঠ আবার কখনও অনুসারী পাঠ হিসাবে গ্রহণ করার জন্য লেখা। মূলপাঠ এবং তদনুযায়ী ভিত্তিপাঠ ও অনুসারী পাঠকে কেন্দ্র করে বহুমুখী ও বৈচিত্র্যপূর্ণ কর্মপত্র দেওয়া হয়েছে। কীভাবে এই সমন্বয় করা হয়েছে আর তা শিখন-সহায়ক হয়ে উঠেছে সেকথা 'শিখন পরামর্শ' অংশগুলি দেখলেই স্পষ্ট হয়ে যাবে।
- সহজপাঠে বলা পরিবেশের চেনা উপাদান শিশুর প্রথম ভাষা, দ্বিতীয় ভাষা, গণিত শিখনের উপকরণ ও পথ হিসাবে ব্যবহার করা হয়েছে। খেয়াল রাখা হয়েছে শিশু যাতে এভাবে জীবনকেন্দ্রিক শিক্ষার মাধ্যমে তার চেনা জগৎ থেকে অচেনা জগতে বিচরণ করার প্রয়োজনীয় উদ্দীপনা ও শক্তি পায়।
- অভিজ্ঞতা যাতে ভাষার রূপ পায় (প্রথম ভাষা, দ্বিতীয় ভাষা ও গাণিতিক ভাষা), বইটির শিখন উপকরণ সেইলক্ষ্যেই নির্মাণ করা হয়েছে। এই শিখন পদ্ধতিতে শিক্ষক/শিক্ষিকার সহায়তায় শ্রেণিকক্ষে বিষয়-শিক্ষার বেড়া শিথিল হবে এবং শিক্ষার্থীর শ্রেণিকক্ষ এক প্রাণবন্ত শিখন কেন্দ্র হয়ে উঠবে, এমনটিই কাম্য।
- প্রতি পাতার নীচে 'শিখন পরামর্শ' এই বইটির এক নতুন ও অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান। বইয়ের প্রতিটি শিখন উপকরণ ও কর্মপত্র কীভাবে সর্বাপেক্ষা ফলদায়ক হয়ে উঠতে পারে, শিখন পরামর্শ সে বিষয়ে শিক্ষক/শিক্ষিকার জন্য সহায়তা প্রদান করবে। শিখন পরামর্শগুলি শুধুমাত্র কিছু নির্দিষ্ট নির্দেশই নয়, শিশুর শিখনকে সমন্বয়ী শিখন করে তোলার দিক নির্দেশিকাও বটে। শিক্ষক/শিক্ষিকা তার নিজস্ব কল্পনা

ও সৃজনশীলতার মাধ্যমে বইটিকে ভিত্তি হিসাবে ধরে বিভিন্ন উপকরণ এবং শিক্ষণ-শিখন কৌশল ব্যবহার করে শিক্ষার্থীদের শিখনকে আরও ফলপ্রসূ করবেন।

- একক - শিখন নয়, যৌথশিখনই হলো এই কর্মভিত্তিক শিখনের সোপান। শিশুরা শ্রেণিকক্ষে অনেকের সঙ্গে মিলেমিশে শিখবে ও শেখাবে, নতুন বইটি সেই ভাবনাকে সামনে রেখেই গড়ে তোলা হয়েছে। ছোটো ছোটো দলে কাজ করে শেখার মাধ্যমে তারা সহমর্মী ও সমাজ সচেতন হয়ে উঠবে, নতুন বইয়ের প্রতিটি পাতা সেই লক্ষ্যেই রচিত।

- শিশু তার পঠন-পাঠন উপকরণকে ব্যবহার করে চারপাশের জগতের সঙ্গে কার্যকরী সম্পর্ক ও সংযোগস্থাপনে একবার সমর্থ হলেই সে মুখস্থ-নির্ভর শিক্ষা থেকে মুক্তি পাবে। শিশু যাতে বোধ ও কল্পনা শক্তি ব্যবহার করে তার চারপাশে ঘটে যাওয়া ঘটনাকে বিশ্লেষণ করতে পারে, নিজের ভাবনা দিয়ে নতুন কিছু সৃষ্টি করতে পারে, তার নতুন বই তাকে সেই শক্তিতেই শক্তিশালী করবে। সহজপাঠের প্রতি পাতায় যে রং, আনন্দ ও সৃষ্টিশীলতার সুলুকসন্ধান রয়েছে, নতুন বই শিশুকে সেই যাত্রাপথে সঙ্গ দেবে।

- শিক্ষা অধিকার আইন-২০০৯ এই নথিটির ২৯ সংখ্যক ধারাটি (পঞ্চম পরিচ্ছেদ) এই বই রূপায়ণের ক্ষেত্রে বিশেষ তাৎপর্যপূর্ণ ভূমিকা নিয়েছে। শিশু শুধুমাত্র বিদ্যালয়ে প্রবেশ করলে বা উপস্থিত থাকলেই শিক্ষার লক্ষ্য সম্পূর্ণ হয় না, তার শিখনপদ্ধতি যাতে তাকে সামগ্রিক ভাবে শক্তিশালী ও সময়োপযোগী করে তোলে তার খেয়াল রাখাও জরুরি। তাই প্রতিটি শিখন উপকরণ ও কর্মপত্র এমনভাবে রচনা করা হয়েছে, যাতে শ্রেণিশিখনের সময়ই শিশুর অলক্ষ্যে তার নিরবচ্ছিন্ন সামগ্রিক মূল্যায়ন (Continuous Comprehensive Evaluation/ CCE) হয়ে যায়। যেহেতু তার মূল্যায়ন সময় বেঁধে বা জানিয়ে হচ্ছে না, ফলে মূল্যায়নে শিশুর উন্নতির প্রকৃত রূপরেখাই ধরা পড়বে এবং সে পরীক্ষার ভীতি থেকে মুক্তি পাবে। একইভাবে শিক্ষক/শিক্ষিকা নিজেরাও মূল্যায়ন করতে পারবেন যে শ্রেণিশিখন কতটা ফলদায়ী হচ্ছে, বা কোন ক্ষেত্রে তাকে আরো বেশি গুরুত্ব দিতে হবে।

- আমরা এমন এক রাজ্যে বাস করি, ভৌগোলিক বৈচিত্র্য যার এক গুরুত্বপূর্ণ সম্পদ। তাই শিক্ষক/শিক্ষিকারা বইটি ব্যবহার করার সময় শিশুর নিজের অঞ্চলের ভৌগোলিক ও অন্যান্য পরিবেশগত বৈচিত্র্যের উপাদানগুলির সাহায্য নিলে বইটি শিশুদের কাছে আরো প্রাসঙ্গিক হয়ে উঠবে। যেহেতু একই শ্রেণিকক্ষে সমাজের বিভিন্ন অংশ থেকে আসা শিশুরা থাকবে, যাদের জীবন-অভিজ্ঞতা নানাধরনের, তাই শিক্ষিকা/শিক্ষক সহমর্মিতার সঙ্গে প্রতিটি শিশুর অভিজ্ঞতাকে আদানপ্রদানের মাধ্যমে শিখন উপকরণ হিসাবে এই বইয়ের সঙ্গে ব্যবহার করবেন, এমনটাই আশা করা হচ্ছে।

- শ্রেণিকক্ষের কর্মশালায় একটি শিশু এমনভাবে বেড়ে উঠবে যাতে তার মধ্যে সমস্যা সমাধানের শক্তি আসে। ভাষা ও গণিতের সমন্বয় ছাড়া তা সম্ভব নয়, কারণ এরা একে অপরের পরিপূরক। নতুন বইয়ে সমন্বিত শিখনের ক্ষেত্রে সমস্যা সমাধানের কর্মপত্র এমনভাবে করা হয়েছে যাতে শিশু নিজেই বিষয়ের বেড়াজাল অতিক্রম করে সামগ্রিক বোধ ও ধারণার মাধ্যমে সমস্যা সমাধানে সচেষ্ট হয়। এই শিখন তাকে শুধুমাত্র ভবিষ্যতে সাহায্য করবে তা-ই নয়, সে নিজেই শিখবে, কীভাবে শিখতে হয় (Learning how to learn), ফলে শিশু তার জীবনের পরবর্তী স্তরগুলিতে অনেক সহজেই শিখন উপকরণ ব্যবহার করতে পারবে।

- বইটিতে আছে অজস্র ছবি, যা শিশুর রঙিন পৃথিবীকে আরো রঙিন করে তুলবে। ছবিগুলি এঁকেছেন সুব্রত মাজী। এছাড়াও বই-এ বেশ কিছু পাতায় শিশুর নিজে আঁকার ও রং করার জায়গা থাকবে। ফলে শিশুর মনোজগতের অনেক আঁকিবুকির প্রতিফলন ঘটবে এই বই-এ। শিশুর দস্যিপনায় তার নতুন বই নোংরা তো হবেই না, বরং আরো রঙিন হয়ে উঠবে।

- নতুন বই-এ ছবি আঁকা, রং-রেখার বৈচিত্র্য, গান, আবৃত্তি, নাটক, নৃত্য প্রভৃতি সুকুমার বৃত্তিগুলির উপর যেমন বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। পাশাপাশি ব্রতচারী, শারীরশিক্ষা, খেলাধুলা, প্যারেড প্রভৃতি বিষয়গুলির উপস্থিতিও লক্ষণীয়। খেলার মাঠের ঘাস তাদের মনকে আরো সবুজ সজীব করুক, আকাশের নীল তাদের কল্পনা ও স্বপ্নকে আরো গভীরতা দিক, নতুন বই সেই লক্ষ্যেই রূপায়িত।

- দ্বিতীয় ভাষা ইংরেজি শিখনের জন্য Listening, Speaking, Reading, Writing-এর বিভিন্ন শিখন উপকরণ ও কর্মপত্র দেওয়া হয়েছে যাতে শিশুদের মধ্যে যোগাযোগের ক্ষমতা গড়ে ওঠে। গণিতের শিখনও যাতে ভাষার সমন্বয়ে বারবার অভ্যাসের মাধ্যমে সুদৃঢ় হয় তার ব্যবস্থাও বই-এর মধ্যে রাখা রয়েছে।

- বইয়ের মধ্যে অনেক জায়গা রয়েছে যাতে শিশুরা তাদের লেখালেখির কাজ করতে পারে। ফলে এই নতুন বই শিশুদের সঙ্গী-শিখন ও দলগত শিখনের মাধ্যমে বলাবলি ও লেখালেখির পক্ষে খুবই সহায়ক হয়ে উঠবে, একথা আশা করা যায়।

- গোটা বইটিতে ও সহজপাঠে বিভিন্ন ঋতুতে পরিবেশের নানা উপাদানে যে বৈচিত্র্য ও পরিবর্তন আসে তার প্রতিফলন ঘটেছে। শিক্ষক/শিক্ষিকাবৃন্দ শিখনের সময় বই-এর সঙ্গে প্রকৃতির সমন্বয় ঘটালে, শিশুর জীবন বৈচিত্র্যের ছোঁয়ায় সমৃদ্ধ হবে।

## বইটির প্রাত্যহিক ব্যবহার প্রসঙ্গে কিছু কথা :

- বইটিতে খুশির পরিবেশে শিশুর সামগ্রিক বিকাশের দিকটিকে গুরুত্ব দেওয়া হয়েছে। সেজন্যই বিদ্যালয়ে প্রথম শ্রেণিতে আলাদা বিষয়ভিত্তিক শ্রেণি বা ঘন্টার শব্দে শ্রেণির সমাপ্তি বা শুরু রাখা হয়নি।

- শিক্ষক/শিক্ষিকারা পুরো বইটি পড়লে বুঝতে পারবেন যে একই পাতা/situation-এর মধ্যে কীভাবে প্রথম ভাষা, দ্বিতীয় ভাষা ও গণিত শিখনের উপকরণ আছে। ফলে শিক্ষক/শিক্ষিকাবৃন্দের কাছে কোনো বাধ্যবাধকতাও নেই যে কোন পাতাটি কতক্ষণ বা কতদিন শিখনের ক্ষেত্রে ব্যবহার করতে হবে। তাঁরা শিখন পরামর্শের সহায়তায় নিজের ভাবনা দিয়ে বইয়ের পাতা থেকে কাঙ্ক্ষিত সামর্থ্যটি বুঝে নিয়ে শিশুদের উপযোগী করে শিখনে সহায়তা (facilitate) করবেন। নতুন বই নিজস্ব গতিপথে স্বাভাবিকভাবে শিশুকে ও শিক্ষক/শিক্ষিকাবৃন্দকে শিখনে সহায়তা করবে। একজন উপযুক্ত সহায়কের উপস্থিতিতে শিশু স্বশিক্ষার সক্ষমতা লাভে উদ্বুদ্ধ হবে।

- প্রতি পাতার নীচে 'শিখন পরামর্শ' অংশটি কোনোক্রমেই শিক্ষার্থীর জন্য নয়। শিক্ষিকা/শিক্ষকবৃন্দ শ্রেণিশিখনের জন্য এগুলির ব্যবহার করবেন।

- শিশুশিক্ষার্থীর সুবিধার কথা ভেবে বাংলাভাষায় অতিপ্রচলিত যে-শব্দগুলির দুটি অর্থ আছে, তাদের বানানে আমরা সামান্য পার্থক্য এনেছি। এইজন্য হতো, হলো, মতো, ভালো, করো প্রভৃতি শব্দ ব্যবহৃত হয়েছে।

- বইয়ের কিছু পাতায় Box করে ইংরেজির Listening ও Speaking-এর কাজ দেওয়া আছে। এগুলি শুধুমাত্র Listening-speaking-এর কাজ। শিক্ষার্থীর পড়া বা লেখার জন্য নয়। শিক্ষক/শিক্ষিকাবৃন্দ ঐ Box অনুযায়ী শ্রেণিকক্ষে ইংরেজি শোনা ও বলার কাজ করাবেন যাতে তারা ব্যবহারিক জীবনেও ইংরাজিতে কথা বলা ও যোগাযোগ রক্ষায় সমর্থ হয়ে ওঠে। প্রত্যেক শিক্ষার্থীকে ইংরেজি ভাষায় কথা বলতে যথেষ্ট উৎসাহ দিতে হবে। ধীরে ধীরে হলেও নিয়মিতভাবে এ ব্যাপারে তাদের সড়গড় করে তুলতে হবে।

- বইয়ের প্রথম পাতায় একটি সমন্বয়ী চিত্রকল্প রাখা হয়েছে। এই চিত্রের বিভিন্ন উপাদানগুলিকে গোটা বই-এ শিখন উপকরণ হিসাবে ব্যবহার করা হয়েছে। শিশুরা সারাবছর ধরে উপকরণগুলি বিশ্লেষণ করবে এবং বই-এর একদম শেষে এসে তাদের বিশ্লেষণী ক্ষমতার সৃষ্টিশীল প্রয়োগ করবে ভাবনার পুনর্নির্মাণে। বইয়ের পাতায় পাতায় ছড়িয়ে থাকা রং শিশুর নরম হাতের ছোঁয়ায় রূপ নেবে এক সাতরঙা আলতো রংধনুর। ভাবনার বৃত্ত সম্পূর্ণ হবে শিশুর শিখন প্রয়োগে।

- শ্রেণিকক্ষের জ্ঞান কাজে লাগবে তার ব্যবহারিক জীবনে। নতুন বছরে সে হাজির নতুন শ্রেণি, নতুন জীবনের দোরগোড়ায়।

- যাবতীয় ব্রতচারী গানের জন্য প্রথম শ্রেণির স্বাস্থ্য ও শারীর শিক্ষার বইটি দেখুন।

- পরিশেষে, রাজ্যের সমস্ত শিক্ষিকা/শিক্ষকবৃন্দের সহায়তায় এই নতুন বই শিশুর জীবনে একটুকরো রংধনুর মতো আসুক, এই আশা করি। আশা করি, নতুন এই রঙিন বই সবার সহযোগিতায় শ্রেণিকক্ষের চার দেয়ালের বাধা পেরিয়ে শিশুকে এক খোলা জানলার সন্ধান দেবে।

# আমার বই



আমার নাম ..........................................................................

আমার মায়ের নাম ..........................................................................

আমার বাবার নাম ..........................................................................

আমার বিদ্যালয়ের নাম ..........................................................................

আমার রোল নম্বর ..........................................................................

শিক্ষাবর্ষের শেষে 'আমার বই' শিক্ষার্থীকে দিয়ে দেওয়া হবে। এই পাতাটি কেটে নিয়ে নিজের স্বাক্ষর ও তারিখ সহ শ্রেণি শিক্ষিকা / শ্রেণি শিক্ষক সংগ্রহ করে বিদ্যালয়ে রাখবেন।
পরবর্তী কালে সমীক্ষার প্রয়োজনে এই পাতাটি ব্যবহার করা যেতে পারে।



# আমার পাতা



এই বই তোমার কেমন লেগেছে? লেখো, আঁকো :